দৈনিক ইত্তেফাক

তারিখ 2 SEP 1987
5 কলাম 3

047

# ঢাকা বিশ্ববিদ্যালয় তদন্ত কমিটির রিপোর্ট পেশ

( বিশ্ববিদ্যালয় রিপোর্টার )

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক সন্ত্রাসী ঘটনার ব্যাপারে গঠিত তদন্ত কমিটি গতকাল ( মঙ্গলবার ) কর্তৃপক্ষের নিকট তদন্তের রিপোর্ট পেশ করিয়াছে। গতকাল শিক্ষা পরিবেশ পরিষদের এক সভায় ভিসি প্রফেসর আবদুল মান্নান এই তথ্য জানাইয়া ইহা বাস্তবায়নের

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

জন্য সরকারসহ সকল রাজনৈতিক দল ও ছাত্র সংগঠনের সহযোগিতা কামনা করিয়াছেন।

জানা যায়, তদন্ত কমিটি ৭ই জুন হইতে শুরু করিয়া ২১ ও ২৬শে জুন এবং ১৪ ও ১৫ই জুলাই জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্র লীগের (মু-না) মধ্যে ক্যাম্পাসে সংঘটিত ঘটনায় জড়িত ছাত্রদের তালিকা রিপোর্টে পেশ করিয়াছে। কর্তৃপক্ষ জানান, শীঘ্রই এই রিপোর্ট বিশ্ববিদ্যালয়ের ডিসিপ্লিনারী বডিতে পর্যালোচনা করিয়া সিণ্ডিকেটের সভায় পেশ করা হইবে। এ ব্যাপারে সরকারের সহিতও আলোচনার

( ২য় পৃঃ দ্রঃ )

## ঢাকা বিশ্ববিদ্যালয়

( শেষ পৃঃ পর )

চেষ্টা চলিতেছে। এদিকে শিক্ষা পরিবেশ পরিষদের সভায় ছাত্র লীগ (মু-না) সহ বিভিন্ন ছাত্র সংগঠন তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী কর্তৃপক্ষ ভবিষ্যতে যে সিদ্ধান্ত গ্রহণ করিবেন, তাহা মানিয়া নেওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানাইয়াছে।

জাতীয়তাবাদী ছাত্রদল বলিয়াছে, ছাত্রদলের নেতৃস্থানীয় কোন নেতা সন্ত্রাসী তৎপরতায় লিপ্ত ছিল না। ভিসি প্রফেসর আবদুল মান্নান বলেন, দোষী সে যেই হউক তাহার শাস্তি না হইলে ক্যাম্পাসে আবারও সন্ত্রাসী তৎপরতা চালু হইতে পারে।